



সত্যের সন্ধানে নিজীক

THE DAILY JUGANTOR

যুগান্তর

দ্বিতীয় সংস্করণ

www.jugantor.com

তরকারী ৭ ফেব্রুয়ারি ২০২৩ | ২৪ মাস ১৪২৯ | ১৪ রুপয় ১৪৪৯ বিক্রি | রেডিও না: ডি.১১২০ | বর্ষ ২৪ | সংখ্যা ৭

মঙ্গলবার | ২৪ পৃষ্ঠা | ১২ টকা



মুদ্রণ কারখানা: সিলেট প্রিন্টার্স অ্যান্ড পাবলিশার্স
২২ পল্লী বিলাস আলোয়ান

খোলা | চন্দ্রপলের বেঙ্গল ডাক সেপার্ট

facebook.com/DainikJugantor
twitter.com/DailyJugantor

সম্পাদকীয়

আইএমএসের খণ্ড ও প্রাথমিক বিখ্য

আনন্দনগর | সবীতে ভট্টরৌট পেলেন অদিমা রায়

৪ | সম্পাদকীয়

৭ ফেব্রুয়ারি ২০২৩ | ২৪ মাস ১৪২৯ | যুগান্তর
editorial.jugantor@gmail.com
www.jugantor.com

অল্পকথা

গণপরিবহণে শিশু আসন চাই তরিকুল ইসলাম

সড়ক পরিবহণ আইনে শিশুদের জীবনরক্ষায় গণপরিবহণে শিশু আসনের বিধান অন্তর্ভুক্ত করা প্রয়োজন। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ, তাই আমাদের সবার উচিত তাদের নিরাপত্তার দিকে লক্ষ রাখা। পরিসংখ্যান বলছে, ২০২০ সালে ৬৫৯ জন, ২০২১ সালে ১ হাজার ৬৭৪ জন এবং ২০২২ সালে ৭৯৪ জন শিশু সড়ক দুর্ঘটনায় প্রাণ হারিয়েছে। বিষয়টা কতটা দুঃখজনক, ভেবে দেখেছেন? এসব ভয়াবহ দুর্ঘটনা রোধকল্পে সচেতন পদক্ষেপ নিতে হবে, যাতে আর কোনো শিশুর জীবন অল্পেরই শেষ হয়ে না যায়। গেল বছরের ২৭ ডিসেম্বর গেজেট আকারে প্রকাশিত বিধিমালায় শিশু যাত্রীর জন্য সিটবেল্ট বাধাসংক্রান্ত নির্দিষ্ট বিধান কর্তৃপক্ষ কর্তৃক প্রজ্ঞাপনের মাধ্যমে জারির কথা বলা হলেও এতে শিশু আসনের বিষয়ে কোনো বিধান অন্তর্ভুক্ত করা হয়নি।

গাড়ির উচ্চ গতি তথা চালকদের বেপরোয়াপনা, রাস্তার দুর্ভাব ইত্যাদি কারণে শিশুর কুঁকি বেড়ে যায়। তাই শিশুদের নিরাপদ পরিবহণের জন্য তাদের উপযোগী সুরক্ষিত আসন জরুরি। উন্নত দেশের মতোই বাংলাদেশে শিশু সুরক্ষায় স্ট্যান্ডার্ড সিটবেল্ট দিয়ে গাড়িতে শিশুর আসন নিশ্চিত করতে হবে, যাতে দুর্ঘটনায় তারা সুরক্ষিত থাকে। কারণ, সড়ক দুর্ঘটনায় যখন বড় ধরনের কোনো সংঘর্ষ ঘটে, তখন দেখা যায় মায়ের কোলে বসিয়ে রাখা



শিশুটি ছিটকে গিয়ে মারাত্মকভাবে আঘাতপ্রাপ্ত হয়ে মৃত্যুর কোলে চলে পড়ে। যদি শিশুটি একটি সুরক্ষিত আসনে থাকত, তাহলে দুর্ঘটনার আঘাত থেকে রক্ষা পেত। একজন অভিজ্ঞ হিসাবে গাড়িতে ভ্রমণ করার সময় সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজগুলোর একটি হলো সন্তানকে নিরাপদ

রাখা। গাড়িতে সন্তানের কী ধরনের আসন প্রয়োজন, তা নির্ভর করে তার বয়স, আকৃতি ও বিকাশের প্রয়োজনীয়তাসহ বিভিন্ন বিষয়ের ওপর। শিশু সুরক্ষা আসন এমন একটি আসন, যা গাড়ির সংঘর্ষের সময় শিশুকে আঘাত বা মৃত্যু থেকে রক্ষা করতে পারে।

সড়ক দুর্ঘটনা রোধে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে, যার অন্যতম হলো সড়ক পরিবহণ আইন ২০১৮। তবে এ আইনে কিছু সীমাবদ্ধতা রয়েছে। উদাহরণস্বরূপ, আইনটিতে মোটরসাইকেলে হেলমেট পরিধান বাধ্যতামূলক করে দেওয়া হলেও মানসম্মত হেলমেট ব্যবহারের বাধ্যবাধকতা কিংবা এর মানদণ্ড নির্ণয় করে দেওয়া হয়নি। এ আইনে গতিসীমা লঙ্ঘনের বিধান বর্ণিত থাকলেও গতিসীমা নির্ধারণ কিংবা পর্যবেক্ষণের নির্দেশনা ও পরিকল্পনা উল্লেখ করা হয়নি। এছাড়া যাত্রীদের সিটবেল্ট ব্যবহারের বাধ্যবাধকতা ও শিশুদের ক্ষেত্রে চাইল্ড রেস্ট্রইন বা শিশুদের জন্য নিরাপদ বা সুরক্ষিত আসন ব্যবহারের বাধ্যবাধকতা আইনটিতে নেই।

একটি বিপদের মুহুর্তে একটি বিশেষ আসন একটি শিশুকে নিরাপদ রাখবে। বামেলা এড়াতে, এমনকি ছোট ভ্রমণেও, তাকে অবশ্যই সর্বদা নিরাপদ রাখতে হবে। তাই দেশের গণপরিবহণে শিশু আসন খুবই জরুরি। এ জন্য নতুন আইন প্রণয়ন বা বিদ্যমান আইন সংশোধন করে তা অতি দ্রুত বাস্তবায়ন করা হোক।

তরিকুল ইসলাম : অ্যাডভোকেটসি অফিসার (কমিউনিকেশন), রোড সেফটি প্রকল্প, ঢাকা আহ্বানিয়া মিশন
tarikul@amic.org.bd